গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০২১.০৩.০২০.২৬- ৯৪০

তারিখঃ ০৯ জ্যেষ্ঠ ১৪৩৩
২৩ মে ২০২৬

**বিষয়ঃ পবিত্র ঈদ-উল আযহা২০২৬ উপলক্ষে কারা কর্মকর্তা/কর্মচারী, কারাবন্দি ও বন্দিদের আত্মীয়স্বজনের উদ্দেশ্যে কারা মহাপরিদশক মহোদয়ের পৃথক বাণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পবিত্র ঈদ-উল-আযহা/২০২৬ উপলক্ষে কারা মহাপরিদর্শক মহোদয়ের ০৩(তিন) টি পৃথক বাণী বিভাগীয় দপ্তর ও অধীনস্থ কারাগারসমূহে প্রেরণ এবং বাণী ০৩(তিন) টি যথাসময়ে সংশ্লিষ্টদের উদ্দেশ্যে পাঠ করে শোনানোর বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মতে ০৩ (তিন) পাতা।

২৩/৫/২৬


আব্দুল কুদ্দুছ
সহকারী কারা মহাপরিদর্শক(অর্থ)
পক্ষে-কারা মহাপরিদর্শক
aig.fin@prison.gov.bd


১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি জ্ঞাতার্থেঃ**

১। সহকারী কারা মহাপরিদর্শক(সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

২। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল), কারা উপ মহাপরিদর্শক (সকল) মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। গার্ড ফাইল।

## পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে

## কারা মহাপরিদর্শকের বাণী

## কর্মকর্তা-কর্মচারীদের প্রতি

বিসমিল্লাহির রাহমানির রাহীম

***"ঈদ মোবারক"***

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বাংলাদেশ কারা বিভাগের সকল কর্মকর্তা, কর্মচারী ও তাঁদের পরিবারবর্গকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক।

ত্যাগ, তাকওয়া, সহমর্মিতা ও মহান আল্লাহর প্রতি পূর্ণ আত্মসমর্পণের মহিমায় উদ্ভাসিত পবিত্র ঈদ-উল-আযহা মানবজাতিকে আত্মশুদ্ধি, ধৈর্য, সহিষ্ণুতা ও মানবিক মূল্যবোধের শিক্ষা দেয়। কোরবানির এই মহান আদর্শ ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ন্যায়, শৃঙ্খলা ও পারস্পরিক সহযোগিতার চেতনা জাগ্রত করে।

এই পবিত্র দিনে আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি কারা বিভাগের সেই সকল কর্মকর্তা ও কর্মচারীদের, যারা পরিবার-পরিজন থেকে দূরে অবস্থান করেও নিষ্ঠা, সততা, ধৈর্য ও দায়িত্ববোধের সাথে রাষ্ট্রীয় দায়িত্ব পালন করে যাচ্ছেন। আপনাদের নিরলস পরিশ্রম, ত্যাগ ও পেশাগত দক্ষতাই "বাংলাদেশ জেল"-এর অগ্রযাত্রার মূল শক্তি।

বাংলাদেশ কারা বিভাগ বর্তমানে একটি আধুনিক, নিরাপদ, মানবিক ও সংশোধনমূলক প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। কারাগারকে শুধুমাত্র নিরাপত্তা রক্ষার স্থান নয়; বরং সংশোধন, পুনর্বাসন ও মানবিক উন্নয়নের কেন্দ্র হিসেবে গড়ে তুলতে আপনাদের পেশাগত সততা, মানবিক আচরণ ও আন্তরিক সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, শৃঙ্খলা, ন্যায়পরায়ণতা, মানবিকতা ও পেশাগত উৎকর্ষতার মাধ্যমে আপনারা কারা বিভাগের মর্যাদা আরও সমুন্নত রাখবেন এবং জনগণের আস্থা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

আসুন, পবিত্র ঈদ-উল-আযহার মহান শিক্ষা ধারণ করে আমরা সকল প্রকার অনিয়ম, অবিচার ও অসহিষ্ণুতা পরিহার করি এবং মানবিক মূল্যবোধ, সহমর্মিতা ও দায়িত্বশীলতার মাধ্যমে আমাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করি।

মহান আল্লাহ তায়ালা আমাদের সকলের কোরবানি, ইবাদত ও ত্যাগ কবুল করুন এবং আমাদের জীবন শান্তিময়, কল্যাণময় ও সমৃদ্ধ করুন।

ঈদ মোবারক।

২১/০৫/২৬

সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

## পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে

## কারা মহাপরিদর্শকের বাণী

## কারান্তরীন বন্দিদের প্রতি

বিসমিল্লাহির রাহমানির রাহীম

**"ঈদ মোবারক"**

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে কারান্তরীণ সকল বন্দিকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক।

ত্যাগ, আত্মশুদ্ধি, ধৈর্য ও মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনের শিক্ষায় উদ্ভাসিত পবিত্র ঈদ-উল-আযহা মানবিকতা, সহমর্মিতা ও আত্মসমালোচনার এক মহৎ বার্তা বহন করে। কোরবানির এই মহান আদর্শ ব্যক্তি ও সমাজজীবনে শান্তি, সম্প্রীতি ও সৌহার্দ্য প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ঈদের এই আনন্দঘন সময়ে আপনারা পরিবার-পরিজন থেকে দূরে অবস্থান করছেন—এ বেদনা আমি গভীরভাবে অনুভব করি। তবে আমি বিশ্বাস করি, আত্মসমালোচনা, নৈতিক শিক্ষা, ধর্মীয় অনুশাসন, আত্মনিয়ন্ত্রণ ও ইতিবাচক চিন্তা-চর্চার মাধ্যমে আপনারা নিজেদের নতুনভাবে গড়ে তুলতে সক্ষম হবেন।

"রাখিব নিরাপদ, দেখাব আলোর পথ"—এই মূলমন্ত্র ধারণ করে বাংলাদেশ কারা বিভাগ কারাগারকে শুধুমাত্র শাস্তির স্থান নয়; বরং সংশোধন, আত্মউন্নয়ন ও পুনর্বাসনের একটি মানবিক প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কারাগারে অবস্থানকালীন শিক্ষা, প্রশিক্ষণ, কারিগরি দক্ষতা অর্জন, নৈতিক ও আত্মিক চর্চার মাধ্যমে নিজেদের যোগ্য, সচেতন ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তোলার সুযোগ গ্রহণ করুন।

আমি আপনাদের প্রতি আহ্বান জানাই—শৃঙ্খলা মেনে চলুন, সহবন্দিদের প্রতি সহমর্মী হোন এবং সংশোধনের এই সুযোগকে জীবনের নতুন সূচনা হিসেবে গ্রহণ করুন। আপনাদের ইতিবাচক পরিবর্তনই পরিবার, সমাজ ও দেশের জন্য কল্যাণ বয়ে আনবে।

আসুন, পবিত্র ঈদ-উল-আযহার মহান শিক্ষা ধারণ করে আমরা সকল হিংসা, বিদ্বেষ ও নেতিবাচকতা পরিহার করি এবং মানবিকতা, সহমর্মিতা ও সৌহার্দ্যের বন্ধনে আবদ্ধ হই।

মহান আল্লাহ তায়ালা আপনাদের সকলের জীবন শান্তিময়, কল্যাণময় ও আশীর্বাদপুষ্ট করুন।

ঈদ মোবারক।

২১/০৫/২৬

সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

# পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে

# কারা মহাপরিদর্শকের বাণী

# কারাবন্দিদের পরিবারবর্গের প্রতি

বিসমিল্লাহির রাহমানির রাহীম

**"ঈদ মোবারক"**

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে কারাবন্দিদের সম্মানিত পরিবারবর্গকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক।

ঈদ আমাদের জন্য ত্যাগ, সহমর্মিতা, মানবিকতা ও পারস্পরিক সহযোগিতার এক মহৎ উপলক্ষ। এই পবিত্র দিনে আপনাদের অনেকেই প্রিয়জনদের থেকে দূরে অবস্থান করে ঈদ উদযাপন করছেন—এ কষ্ট আমরা আন্তরিকভাবে উপলব্ধি করি।

বাংলাদেশ কারা বিভাগ আপনাদের আশ্বস্ত করতে চায় যে কারাগারের ভেতরে ন্যায়, শৃঙ্খলা ও মানবিকতার নীতি অনুসরণ করে বন্দিদের ব্যবস্থাপনা পরিচালিত হয়। বন্দিদের জন্য নির্ধারিত খাদ্য, বাসস্থান, চিকিৎসা ও অন্যান্য অনুমোদিত সুযোগ-সুবিধা যথাযথভাবে নিশ্চিত করার জন্য কারা কর্তৃপক্ষ সর্বদা সচেষ্ট।

আদালতের নির্দেশনা অনুযায়ী জামিন বা মুক্তির প্রক্রিয়া যথাসময়ে বাস্তবায়নের ক্ষেত্রেও কারা কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। এ বিষয়ে বিশেষভাবে উল্লেখ্য যে জামিনের জন্য কারা কর্তৃপক্ষ কোনো অর্থ গ্রহণ করে না। একইভাবে চিকিৎসা বা অন্য কোনো সরকারি সেবার জন্য কারাগারে অর্থ প্রদানের প্রয়োজন নেই।

এছাড়াও, কারা কর্তৃপক্ষ নিজ উদ্যোগে কাউকে পুনরায় গ্রেফতার করতে পারে না; এটি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও আদালতের এখতিয়ারভুক্ত বিষয়। আপনাদের প্রতি আমাদের আন্তরিক আহ্বান—কারাগারে থাকা আপনজনদের শৃঙ্খলা মেনে চলতে, শিক্ষা ও পুনর্বাসনমূলক কার্যক্রমে অংশগ্রহণ করতে, ধর্মীয় ও নৈতিক চর্চায় মনোনিবেশ করতে এবং আত্মউন্নয়নের পথে এগিয়ে যেতে উৎসাহিত করুন।

আমরা বিশ্বাস করি, সংশোধিত ও দায়িত্বশীল নাগরিক হিসেবে তারা একদিন সমাজে ফিরে এসে পরিবার, সমাজ ও দেশের কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। পবিত্র ঈদ-উল-আযহার মহান শিক্ষা আমাদের সকলের জীবনে শান্তি, সহমর্মিতা ও মানবিকতার আলো ছড়িয়ে দিক।

মহান আল্লাহ তায়ালা আপনাদের সকলকে সুস্থতা, শান্তি ও কল্যাণে রাখুন।

ঈদ মোবারক।

২১/০৫/২৬

সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd